31

তারিখ ...15 MAY 1997 ...
পৃষ্ঠা: ৫ কলাম ৪

দৈনিক সংবাদ

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী লীলা নাগ সম্পর্কে তথ্য প্রদানের আহ্বান

বৃটিশবিরোধী আন্দোলনের নেত্রী, দীপালি সংঘের প্রতিষ্ঠাত্রী, বিপ্লবী সংগঠন শ্রী সংঘের কর্ণধার ফরোয়ার্ড ব্লক নেত্রী, জয়শ্রী পত্রিকার সম্পাদিকা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী লীলা নাগ (রায়) আজ বিস্মৃতির অতলে তলিয়ে গেছেন। বিশের দশক থেকে পঞ্চাশের দশক পর্যন্ত সব রাজনৈতিক আন্দোলন, নারী শিক্ষা আন্দোলন ও বিভিন্ন সামাজিক আন্দোলনে তিনি অসামান্য ভূমিকা রেখেছেন। তার কর্মকাণ্ড বেশিরভাগ ঢাকায় ছিল। নারী শিক্ষা বিস্তারে লীলা নাগ ঢাকা শহরে ১২টি প্রাথমিক বিদ্যালয় ও কয়েকটি হাইস্কুল প্রতিষ্ঠা ছাড়াও দীপালি স্কুল, শিক্ষা ভবন, শিক্ষায়তন, শিক্ষালয়, শিল্প শিক্ষা কেন্দ্র ও মহিলা নিবাস গড়ে তোলেন। ঢাকা শহরের বাইরে মানিকগঞ্জ জেলার বায়রা গ্রামে একটি বালিকা বিদ্যালয় ও একটি মহিলা ক্লাব, মৌলভীবাজার জেলার পাঁচগাও গ্রামে একটি বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। এতসব শিক্ষা প্রতিষ্ঠানের কোনটি তার স্বনামে ছিল না বিধায় বহু বিদ্যালয়ের নাম পরিবর্তন হয়ে ইতিহাস বিকৃতি ঘটেছে।

লীলা নাগ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী। বহু সংগ্রাম করে সহ-শিক্ষার (উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে) পথ প্রশস্ত করেছিলেন। তিনি বাংলার নারী সমাজকে সশস্ত্র বিপ্লবের পথে নিয়ে আসেন প্রথম।

লীলা নাগের কর্মকাণ্ডের সাক্ষী, তার সংগঠনের কর্মীদের অনেকেই আজ পরলোকগত। তবে তাকে কিংবা তার কর্মকাণ্ডকে জানেন এমন অনেক সুধীজন এখনো আছেন। লীলা নাগের প্রতিষ্ঠিত স্কুল/প্রতিষ্ঠানসমূহের বিবরণ, জয়শ্রী ও ফরোয়ার্ড ব্লক পত্রিকার নমুনা, ফটো, ডায়রি, চিঠি ইত্যাদি পাঠানোর সবিনয় অনুরোধ রইল। এছাড়া অনুসন্ধানের সূত্র প্রদান করলেও উপকৃত হবো।

আহমেদ সিরাজ
C/o দীপংকর মোহান্ত,
পি,টি,আই,
মৌলভীবাজার-৩২০০।